বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ এর খসড়া পর্যালোচনা সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু বকর সিদ্দিক<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১০ মে ২০২২ খ্রি. (মঙ্গলবার) |
| সভার সময় | বেলা ১০.৩০ টা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-১, লেবেল-১০ |
| উপস্থিতি | সংযোজনী-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ এর খসড়ার উপর বিস্তারিত উপস্থাপনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মোঃ খন্দকার মাহাবুবুর রহমান-কে অনুরোধ করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩-এ বর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী এ বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ২০২২-২৩ অর্থবছরের এপিএ এর খসড়া ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মে মাসের মধ্যে সংশোধন করা যাবে। এ পর্যায়ে এ বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে APAMS সফট্ওয়্যারের মাধ্যমে দাখিলকৃত খসড়া চুক্তিটি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মেহেনাজ তাবাসসুম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মধ্যে প্রস্তাবিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি খসড়া সভায় উপস্থাপন করেন।

৩। **এ পর্যায়ে সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিএ বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:**

(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত শুমারি ও জরিপের প্রকাশনাসমূহের কপি এ বিভাগের সচিব মহোদয়সহ প্রত্যেক উইং প্রধানকে প্রদান করতে হবে।

(খ) যেসকল কর্মসম্পাদন সূচকে প্রকাশ, আপলোড, প্রস্তুত, চূড়ান্ত লিখা রয়েছে সেগুলোতে যথাক্রমে প্রকাশিত, আপলোডকৃত, প্রস্তুতকৃত, চূড়ান্তকৃত লিখতে হবে।

(গ) শুদ্ধাচারসহ বাধ্যতামূলক অংশ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিতে অন্তর্ভুক্ত করতে হবে, সেজন্য বিভাগের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ এ বিভাগের এপিএ টিম লিডারের সাথে আলোচনা করে APAMS সফট্ওয়্যারে আপলোড করতে হবে।

৪। **সভায় উল্লেখযোগ্য আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:**

| ক্রমিক | কর্মসম্পাদন সূচকসমূহ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | [২.৪.১] Gender Based Violence Survey 2023 এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা | Gender Based Violence Survey করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব বাজেট ও বিশেষ থোক বরাদ্দে অর্থের সংস্থান নাই। এ সার্ভেটি সম্পন্ন করার বিষয়ে অনুমোদন পাওয়ার বিষয়ও রয়েছে বিধায় আপাতত এ সার্ভেটি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে আরো পর্যালোচনার প্রয়োজন রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | Gender Based Violence Survey 2023 বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে আরো পর্যালোচনা করে দেখতে হবে, প্রয়োজনে এ বিভাগের সচিব মহোদয়ের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করা যেতে পারে। | এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>উপমহাপরিচালক, BBS<br>ও<br>এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID<br>এবং<br>এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, BBS |
| ২ | [২.৫.১] Health & Morbidity Status Survey (HMSS) 2023 এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা | Health & Morbidity Status Survey (HMSS) 2023 পরিচালনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব বাজেট ও বিশেষ থোক বরাদ্দে অর্থের সংস্থান নাই বিধায় আপাতত এ সার্ভেটি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে আরো পর্যালোচনার প্রয়োজন রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | Health & Morbidity Status Survey (HMSS) 2023 বিবিএস-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে আরো পর্যালোচনা করে দেখতে হবে, প্রয়োজনে এ বিভাগের সচিব মহোদয়ের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করা যেতে পারে। | এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>উপমহাপরিচালক, BBS<br>ও<br>এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID<br>এবং<br>এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | [৩.৪.২] National Quality Assurance Framework (NQAF) সংক্রান্ত প্রকাশনা | National Quality Assurance Framework (NQAF) সংক্রান্ত প্রকাশনার বিষয়টি বিবিএস-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে জনাব ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সাথে আলোচনা করে নির্ধারণ করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | National Quality Assurance Framework (NQAF) সংক্রান্ত প্রকাশনার বিষয়টি বিবিএস-এর ২০২২-২৩ অর্থবছরের এপিএ-তে অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে আরো পর্যালোচনা করে দেখতে হবে। | এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID উপমহাপরিচালক, BBS ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, BBS |
| ৪ | [৪.১.৩] উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয়ের (কৃষি) চলতি বছরের প্রাথমিক প্রাক্কলন এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলন চূড়ান্তকরণ | "উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয়ের (কৃষি) চলতি বছরের প্রাথমিক প্রাক্কলন এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলন চূড়ান্তকরণের উদ্দেশ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ" শিরোনামে সূচক লিখার বিষয়ে সভায় আলোচনা হয়। | "উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয়ের (কৃষি) চলতি বছরের প্রাথমিক প্রাক্কলন এবং পূর্ববর্তী বছরের প্রাক্কলন চূড়ান্তকরণের উদ্দেশ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ" শিরোনামে সূচক নির্ধারণ করতে হবে। | এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID উপমহাপরিচালক, BBS ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, BBS |
| ৫ | [৪.২.১] ২০১৫-১৬ থেকে ২০২০-২১ পর্যন্ত ত্রৈমাসিক মোট জাতীয় উৎপাদ (QGDP) পরীক্ষামূলক প্রণয়ন | "২০১৫-১৬ থেকে ২০২০-২১ পর্যন্ত ত্রৈমাসিক মোট জাতীয় উৎপাদ (QGDP) পরীক্ষামূলক প্রণয়নের উদ্দেশ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত" সূচক লিখার বিষয়ে সভায় আলোচনা হয়। | "২০১৫-১৬ থেকে ২০২০-২১ পর্যন্ত ত্রৈমাসিক মোট জাতীয় উৎপাদ (QGDP) পরীক্ষামূলক প্রণয়নের উদ্দেশ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত" আকারে সূচক লিখতে হবে। | এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন), SID উপমহাপরিচালক, BBS ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, BBS |

৪। আলোচনার শেষ পর্যায়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু বকর সিদ্দিক

অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৮.১৬.০১২.২২.৬৮

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯
১৬ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) (সদয় অবগতির জন্য)

২) উপ-মহাপরিচালক, উপ-মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৩) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৫) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৬) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৭) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৯) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১) উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১২) উপপরিচালক, এফএ এন্ড এমআইএস, বিনিক শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

খন্দকার মো: মাহাবুবুর রহমান
সিনিয়র সহকারী সচিব